



অভয়নগর : সুন্দলী বালিকা বিদ্যালয়টি বন্যাকবলিত হওয়ায় শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে
-ইনকিলাব

বন্যার কবলে পড়ে অভয়নগরে প্রায় শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

অভয়নগর উপজেলা সংবাদদাতা : যশোরের অভয়নগরের বন্যার পানি ধীরে ধীরে নামতে শুরু করলেও শিক্ষা কার্যক্রম এখনও বন্ধ রয়েছে। অপরদিকে আমন চাষাবাদও চরমভাবে ব্যাহত হচ্ছে। এখানকার অভিযাপ ভবদহ স্লুইচগেটের কারণে প্রতিবছর এ সমস্যার সৃষ্টি হচ্ছে। জানা গেছে, টেকানদী সংলগ্ন ভবদহ স্লুইচগেট দিয়ে ২৭টি বিলের পানি নিষ্কাশনের ব্যবস্থা থাকলেও পলি জমে যাওয়ায় পানি নিষ্কাশন হচ্ছে না। ফলে যশোরের অভয়নগর, মনিরামপুর, কেশবপুর উপজেলা ও খুলনার ফুলতলা উপজেলা এই মৌসুমে বন্যাকবলিত হয়ে পড়ে। এ

অঞ্চলের চাষাবাদী জমি চাষের অনুপযোগী হয়ে পড়ে। এ বছরও আর্মি চার্জ চরমভাবে ব্যাহত হয়েছে। বন্যার কবলে পড়ে প্রায় শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়। প্রায় দশ হাজার শিক্ষার্থী শিক্ষার আলো থেকে বঞ্চিত হয়েছে। এছাড়াও প্রায় দু'হাজার কাঁচা ঘর-বাড়ী ধসে গেছে। গৃহহারা মানুষ আশ্রয়ের সন্ধানে শহরমুখী হয়েছে। ধীরে ধীরে বন্যার পানি নামতে শুরু করায় কৃষকরা নতুন উদ্যমে আমন চাষ শুরু করেছে। এলাকা ঘুরে কৃষকদের সাথে আলাপ করে জানা যায়, সরকারী পর্যাণ্ড সাহায্য না আসায় ক্ষতিগ্রস্ত মানুষ দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে।